বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর।

বিষয়ঃ ২০১৭-১৮ অর্থবছরে বাস্তবায়িতব্য ব্রি'র এডিপিভূক্ত উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের ফেব্রুয়ারি/১৮ মাস পর্যন্ত অগ্রগতির পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িতব্য ব্রি'র উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচিসমূহের ফেব্রুয়ারি/১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা গত ২২/০৩/২০১৮ তারিখে ব্রি'র সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর। সভায় উপস্থিত অন্যান্য কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত হলো।

২. উপস্থাপনঃ

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে প্রধান পরিকল্পনা কর্মকর্তা জনাব মুঃ মুনিরুল ইসলাম সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

৩. বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণঃ

গত ২০/০২/২০১৮ তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীতে সভায় উপস্থিত কর্মকর্তাদের কারো কোন দ্বিমত/মন্তব্য/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি নিশ্চিত করা হয়।

৪. বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ

৪.১ প্রধান ও আঞ্চলিক কার্যালয়ের সকল নির্মাণ কাজ ও পণ্য সংগ্রহ মানসম্পন্নভাবে সমাপ্ত করে এডিপি বাস্তবায়ন অগ্রগতি শতভাগ নিশ্চিত করতে মহাপরিচালক মহোদয় নির্দেশ প্রদান করেন। এছাড়া নির্মাণ কাজ ও পণ্য সংগ্রহে প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক, মনিটরিং কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে আরও নিবিড় তদারকির মাধ্যমে কাজে গুণগত মান নিশ্চিত করতে নির্দেশ প্রদান করে। দরপত্রে উল্লেখিত স্পেসিফিকেশন মোতাবেক মালামাল গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্টদের পূর্বেই স্পেসিফিকেশন প্রদান করা হচ্ছে বলে প্রকল্প পরিচালকগণ সভাকে জানান।

৪.২ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক স্থানীয় ধানের জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য স্থানীয় ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন স্থানীয় জাতের গবেষণা নিয়ে সভায় আলোচনা করা হয়। এ সকল স্থানীয় জাতসমূহের গবেষণা কার্যক্রম চলমান আছে বলে পরিচালক (গবেষণা) সভাকে জানান। এছাড়া সভায় গভীর পানিতে চাষাবাদ উপযোগী ধানের গবেষণা কাজে দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞানী ড. এ এস এম মাসুদুজ্জামানকে গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ এবং সিলেট অঞ্চলের লালমোহন, হবিগঞ্জের দুধলাকি, ফুলকড়ি, টাঙ্গাইলের স্বর্ণদিঘা এবং সিরাজগঞ্জের সড়সড়িয়াসহ অন্যান্য স্থানীয় জাত সংগ্রহ করে পিওর লাইন নির্বাচন করে RYT এবং প্রধান কার্যালয়ের ডিপওয়াটারের জায়গায় ও গবেষণা ফার্মে প্রদর্শনী স্থাপনের মাধ্যমে নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণ করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।

৪.৩ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি (এফএমপিএইচটি) বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করা হচ্ছে। এ প্রেক্ষিতে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে দেশে উদ্ভাবিত/প্রস্তুতকৃত সহজে ব্যবহার উপোযোগী ছোট/বড় যন্ত্রগুলোকে যেমন ব্রি পাওয়ার উইডারসহ অন্যান্য যন্ত্রকে কৃষকের মাঝে জনপ্রিয় করার লক্ষ্যে এফএমপিএইচটি বিভাগকে বিশেষ কার্যক্রম হাতে নেওয়ার জন্য সভায় আবারও পরামর্শ প্রদান করা হয়।

৪.৪ কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ৫টি গবেষণা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রণীত কর্ম-পরিকল্পনার অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয় এবং শতভাগ বাস্তবায়ন করতে মহাপরিচালক মহোদয় আবারও নির্দেশ প্রদান করেন।

৫. ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প এবং রাজস্ব/অনুন্নয়ন কর্মসূচি ভিত্তিক গৃহীত কর্ম পরিকল্পনা ও সংগ্রহ পরিকল্পনা অনুযায়ী ফেব্রুয়ারি/১৮ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ-

এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পঃ

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের অধীনে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি'তে ০২টি প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। মোট এডিপি বরাদ্দ ১০১৯৭.০০ লক্ষ টাকা। যার মধ্যে জিওবি ৮৯১৫.০০ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ১২৮২.০০ লক্ষ টাকা। ফেব্রুয়ারি/১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৪৮৬.৫৩ লক্ষ টাকা; যা বরাদ্দের ৩৪.১৯% মাত্র। জিওবি বরাদ্দের ২৪.৭৩% (২২০৪.৫৩ লক্ষ টাকা) এবং প্রকল্প সাহায্য ১০০% (১২৮২.০০ লক্ষ টাকা) মাত্র। গত অর্থবছরে ফেব্রুয়ারি/১৭ পর্যন্ত ব্যয় হয়েছিল ৩৪.৭৫% (১৩০৮.০৭ লক্ষ টাকা)। ২০১৭-১৮ অর্থবছরে ২টি প্রকল্পে মোট ৬৬টি দরপত্রের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তার মধ্যে ৬৩টি দরপত্র আহবান ও কার্যাদেশ প্রদান করা হয়েছে। যানবাহন সংক্রান্ত ৩টি দরপত্রে অর্থ মন্ত্রণালয়ের পূর্বানুমতি না পাওয়ার কারণে এখনও আহবান করা সম্ভব হয় নাই।

(ক) ২০১৭-১৮ অর্থ বছরে দরপত্র অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা		দরপত্র আহবান (সংখ্যায়)	কার্যাদেশ প্রদান (সংখ্যায়)
	সংখ্যায়	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)		
উন্নয়ন প্রকল্প				
১. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৬৬টি	৬৪৮০.৩৬	৬৩টি	৬৩টি
২. বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি	-	-	-	-
মোট	৬৬টি	৬৪৮০.৩৬	৬৩টি	৬৩টি

(খ) ২০১৭-১৮ অর্থবছরে বাজেট বরাদ্দ ও অগ্রগতিঃ

প্রকল্প/কর্মসূচির নাম	মোট বরাদ্দ (জিওবি) (পিএ)	মোট অর্থ ছাড় (%) জিওবি (%) পিএ (%) ফেব্রুয়ারি/১৮ পর্যন্ত)	ফেব্রুয়ারি/১৮ পর্যন্ত অগ্রগতি	গত বছরের ফেব্রুয়ারি/২০১৭ পর্যন্ত সময়ে অগ্রগতি	ফেব্রুয়ারি/২০১৮ পর্যন্ত বাস্তব অগ্রগতি
			মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	মোট ব্যয় (%) জিওবি (%) পিএ (%)	
১. উন্নয়ন প্রকল্প					
১.১ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের ভৌত সুবিধাদি ও গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্প	৮৫০০.০০ (৮৫০০.০০) (-)	৬৩৭৫.০০ (৭৫.০০) ৬৩৭৫.০০ (৭৫.০০) -	২০৮০.০৮ (২৪.৪৭) ২০৮০.০৮ (২৪.৪৭) -	৬৩৬.২১ (২১.২১) ৬৩৬.২১ (২১.২১) -	৬০%
১.২ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের হাইব্রিড ধান গবেষণা দক্ষতা বৃদ্ধি প্রকল্প	১৬৯৭.০০ (৪১৫.০০) (১২৮২.০০)	১৪৪৩.১৮ (৮৫.০৪) ১৬১.১৮ (৩৮.৮৪) ১২৮২.০০ (১০০.০০)	১৪০৬.৪৫ (৮২.৮৮) ১২৪.৪৫ (২৯.৯৯) ১২৮২.০০ (১০০.০০)	- - -	৯৯%
মোট = ২টি প্রকল্প	**১০১৯৭.০০ (৮৯১৫.০০) (১২৮২.০০)**	**৭৮১৮.১৮ (৭৬.৬৭) ৬৫৩৬.১৮ (৭৩.৩২) ১২৮২.০০ (১০০.০০)**	**৩৪৮৬.৫৩ (৩৪.১৯) ২২০৪.৫৩ (২৪.৭৩) ১২৮২.০০ (১০০.০০)**	**১৩০৮.৭০ (৩৪.৭৫) ৮৫১.৭৩ (২৫.৭৫) ৪৫৬.৯৭ (৯৯.৭৮)**	-
২. রাজস্ব বাজেট					
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট	১০৬৫৮.৩০ (১০৬৫৮.৩০) (-)	৭৮২৮.৯০ (৭৩.৪৫) ৭৮২৮.৯০ (৭৩.৪৫) -	৫৬৭২.৭২ (৫৩.২২) ৫৬৭২.৭২ (৫৩.২২) -	৫৮৩৬.২৭ (৬৬.০৭) ৫৮৩৬.২৭ (৬৬.০৭) -	৭০%
উপমোট	১০৬৫৮.৩০ (১০৬৫৮.৩০) (-)	৭৮২৮.৯০ (৭৩.৪৫) ৭৮২৮.৯০ (৭৩.৪৫) -	৫৬৭২.৭২ (৫৩.২২) ৫৬৭২.৭২ (৫৩.২২) -	৫৮৩৬.২৭ (৬৬.০৭) ৫৮৩৬.২৭ (৬৬.০৭) -	-
সর্বমোট (১+২)	**২০৮৫৫.৩০ (১৯৫৭৩.৩০) (১২৮২.০০)**	**১৫৬৪৭.০৮ (৭৫.০৩) ১৪৩৬৫.০৮ (৭৩.৩৯) ১২৮২.০০ (১০০.০০)**	**৯১৫৯.২৫ (৪৩.৯২) ৭৮৭৭.২৫ (৪০.২৪) ১২৮২.০০ (১০০.০০)**	**৭৩৩৪.৮৭ (৫৬.৩২) ৬৮৭৭.৯০ (৫৪.৭৫) ৪৫৬.৯৭ (৯৯.৭৮)**	-

(ঘ) বিবিধঃ

১. নন-এডিপিভুক্ত প্রকল্পের প্রতিবেদন:

প্রকল্পের নাম: Transforming Rice Breeding Through Capacity Enhancement of BRRI (TRB-BRRI)
প্রকল্পের মেয়াদ কাল: ১ জানুয়ারী ২০১৬ থেকে ৩১ ডিসেম্বর ২০১৯ (৪ বছর), প্রকল্পের মোট বরাদ্দ: ৩১৪০.০০ লক্ষ টাকা (একত্রিশ কোটি চল্লিশ লক্ষ টাকা মাত্র), ২০১৭-১৮ অর্থবছরের বরাদ্দ ৭১৫.০০ লক্ষ টাকা, ২০১৭-১৮ অর্থবছরের ফেব্রুয়ারি/২০১৮ পর্যন্ত ব্যয় ৪৮৫.৪২ লক্ষ টাকা (৬৭.৮৯%), ২০১৭-১৮ অর্থবছরের ফেব্রুয়ারি/২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ব্যয় ১৬১৯.৪২ লক্ষ টাকা (৫১.৫৭%)।

২. কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয়:

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর বিভিন্ন গবেষণা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ৫টি গবেষণা প্রস্তাবের জন্য মোট ১০৫.০০ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়। গত ১৫/১১/২০১৭ তারিখে দুই কিস্তিতে ৫২.৫০ লক্ষ টাকা একত্রে ছাড় করা হয়েছে। ৫টি গবেষণা কার্যক্রমের অগ্রগতি নিম্নরুপ-

(অংকসমূহ লক্ষ টাকায়)

গবেষণা কার্যক্রম	বর্তমান অর্থবছরের মোট বরাদ্দ	অর্থছাড়	অগ্রগতি (ফেব্রুয়ারি/২০১৮পর্যন্ত)
১. Validation and adaptive field trial of BRRI developed solar light trap	৩০.০০	১৫.০০	১২.৪৫ (৪১.৫০%)
২. Integrated management of blast for the enhancing rice production in relation to climate change	১৫.০০	৭.৫০	৭.০০ (৪৬.৬৭%)
৩. Post harvest loss minimization of rice bran for quality rice barn oil	১৫.০০	৭.৫০	৫.৮৪ (৩৮.৯৩%)
৪. Adaptation and out-scaling of some selected rice varieties in stress prone environments	২৫.০০	১২.৫০	৭.৫০ (৩০.০০%)
৫. Incorporation of prilled urea deep placement mechanism in the mechanical rice transplanter	২০.০০	১০.০০	৯.৫০ (৪৭.৫০%)
মোট (গবেষণা কার্যক্রম-৫টি)	১০৫.০০	৫২.৫০	৪২.২৯ (৪০.২৮%)

৬. সিদ্ধান্ত/সুপারিশসমূহঃ

ক্রঃ নং	সিদ্ধান্ত/সুপারিশসমূহ	বাস্তবায়নকারী কর্মকর্তাগণ
১.	১.১ প্রকল্পের কর্মপরিকল্পনা মোতোবেক সকল নির্মাণ কাজ ও পণ্য সংগ্রহ মানসম্পন্নভাবে সমাপ্ত করে এডিপি বাস্তবায়ন অগ্রগতি শতভাগ নিশ্চিত করতে হবে।	সকল প্রকল্প পরিচালক এবং নির্বাহী প্রকৌশলী।
	১.২ বিভিন্ন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা/মনিটরিং এর জন্য গঠিত কমিটিসমূহের কার্যপরিধি মোতাবেক আরও নিবিড় তদারকির মাধ্যমে কাজের গুণগত মান নিশ্চিত করতে করতে হবে।	সকল প্রকল্প পরিচালক, পিআই, সমন্বয়কারী এবং সংশ্লিষ্ট কমিটির কর্মকর্তাগণ
২.	২.১ প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ধানের স্থানীয় জাতসমূহ বিশেষত দক্ষিণাঞ্চলের বালাম, লক্ষ্মীদীঘা ও অন্যান্য ধানের জাত যেমন- কৃষ্ণভোগ, রাণী সেলুট, বিরই, টেপি বোরো, রাতা বোরোসহ বিভিন্ন জাতের মধ্য থেকে সম্ভাবনাময় জাত পেলে পিওর লাইন নির্বাচনের মাধ্যমে অথবা স্থানীয় জাতগুলো ক্রসিং করে আরও উন্নতমানের ধানের জাত উদ্ভাবন করতে হবে এবং প্রতি মাসের সভায় তার অগ্রগতি উপস্থাপন করতে হবে।	পরিচালক (গবেষণা) এবং উদ্ভিদ প্রজনন বিভাগ।
	২.২ গভীর পানিতে চাষাবাদ উপযোগী গোপালগঞ্জ ও বরিশাল অঞ্চলের লক্ষ্মীদীঘা, বাঁশিরাজ, সিলেট অঞ্চলের লালমোহন, টাঙ্গাইলের স্বর্ণদিঘা, হবিগঞ্জের দুধলাকি, ফুলকড়ি এবং সিরাজগঞ্জের সড়সড়িয়াসহ অন্যান্য স্থানীয় জাত সংগ্রহ করে পিওর লাইন নির্বাচন করে RYT এবং প্রধান কার্যালয়ের ডিপওয়াটারের জায়গায় ও গবেষণা ফার্মে প্রদর্শনী স্থাপনের মাধ্যমে নতুন নতুন জাত উদ্ভাবন ও তা সংরক্ষণ করতে হবে।	ড. এ এস এম মাসুদুজ্জামান, সিএসও, উদ্ভিদ প্রজনন বিভাগ।
৩.	৩.১ প্রধানমন্ত্রীর চাহিদা মোতাবেক ধান চাষের সকল পর্যায়ে কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন ও উন্নয়নের জন্য কৃষি যন্ত্রপাতি ও ফলনোত্তর প্রযুক্তি বিভাগের কর্মপরিকল্পনা বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি প্রতি মাসের এডিপি সভায় উপস্থাপন করতে হবে।	বিভাগীয় প্রধান, এফএমপিএইচটি বিভাগ।
	৩.২ কৃষি যন্ত্রপাতির শতভাগ ব্যবহারের লক্ষ্যে দেশে উদ্ভাবিত/ প্রস্তুতকৃত সহজে ব্যবহার উপোযোগী ছোট-বড় সকল যন্ত্রকে কৃষকের মাঝে জনপ্রিয় করার জন্য এফএমপিএইচটি বিভাগকে বিশেষ কার্যক্রম হাতে নিতে হবে।	
৪.	কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে ৪৮২৯-গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ৫টি গবেষণা কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রণীত কর্ম-পরিকল্পনা শতভাগ বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট পিআইগণ।

পরিশেষে, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭।০৩।১৮
(মুঃ মুনিরুল ইসলাম)
প্রধান পরিকল্পনা কর্মকর্তা

(ড. মোঃ শাহজাহান কবীর)
মহাপরিচালক (চলতি দায়িত্ব)

F:\All Nikos\ADP Metting\ADP Meeting Proceeding .F.doc